ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৯৭
আগরতলা, ৭ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''উত্তর জেলা হাসপাতাল মুসকান স্বাস্থ্য প্রকল্প চালুতে প্রধান বাধা চিকিৎসক সংকট,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৩ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, উত্তর জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, উত্তর জেলা হাসপাতালে এনকিউএএস বাস্তবায়নের কার্যক্রম বর্তমানে পুরোদমে অব্যাহত রয়েছে। বর্তমানে এই কর্মসূচির অধীনে লক্ষ্য ও মুসকান নামে দু'টি স্বাস্থ্য প্রকল্প এই জেলা হাসপাতালে সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে উত্তর জেলা জেলা হাসপাতালে একজন শিশু বিশেষজ্ঞ চিকিৎসক যোগ দেওয়ার ফলে মুসকান কার্যক্রমে গতি এসেছে। এছাড়াও, ৩৯ জন নার্সিং অফিসার উত্তর জেলা হাসপাতালে নিয়োজিত রয়েছেন।

********